

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক ও অধ্যাপকের কার্যালয়
জাতীয় অর্ধোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

তারিখ: ৪/০৪/২০২১ ইং

নং-জাঃঅর্ধোঃ হাস/(পিটি ডিগ্রী কোর্স)৯৩-১৩৩/৬৭৬

ভর্তির বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের অধীনে জাতীয় অর্ধোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), শেরে বাংলা নগর ঢাকায় ২০২০-২১ ইং শিক্ষাবর্ষে ৪(চার)বছর একাডেমিক এবং ০১(এক)বছর বাধ্যতামূলক ইন্টার্নশীপ সহ সর্বমোট ০৫(পাঁচ) বছর মেয়াদী বি.এসসি ইন ফিজিওথেরাপি কোর্সের প্রথম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য অনলাইনের মাধ্যমে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে। অনলাইন আবেদন <http://nitorbd.bigsoft.com> এর মাধ্যমে করিতে হইবে। উপজাতী প্রার্থীদের জন্য একটি আসন এবং মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য দুইটি আসন সংরক্ষিত থাকিবে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ

বাংলাদেশের যে কোন শিক্ষাবোর্ড/মাদ্রাসা বোর্ড অথবা দেশের বাইরে যে কোন স্বীকৃত বোর্ড/বিশ্ববিদ্যালয় হইতে এস এস সি এবং এইচ এস সি অথবা সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি সহ (গ্রেন মার্কস/ইম্প্রোভমেন্ট ব্যতীত) উভয় পরীক্ষায় মোট জিপিএ ৮(আট) গ্রেড পাইতে হইবে এবং আলাদা ভাবে ন্যূনতম জিপিএ ৩.৫ থাকিতে হইবে। উপজাতী প্রার্থীদের ক্ষেত্রে মোট জিপিএ ৭(সাত) গ্রেড পাইতে হইবে এবং আলাদা ভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকিতে হইবে। যে সকল প্রার্থী ২০১৭ সালের পূর্বে এস এস সি এবং ২০১৯ সালের পূর্বে এইচ এস সি পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, তাহাদের আবেদন করার প্রয়োজন নাই।

আবেদন করার নিয়মাবলীঃ

অনলাইন আবেদন <http://nitorbd.bigsoft.com> এর মাধ্যমে করিতে হইবে। আবেদনের পূর্বে আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা "PHYSIOTHERAPY ADMISSION TEST" চলতি হিসাব নং "০২০০০১০৬৭২৯৭৫, অগ্রনী ব্যাংক লিঃ শ্যামলী শাখা, ঢাকা" এর অনুকূলে বাংলাদেশের অগ্রনী ব্যাংকের যে কোন অনলাইন শাখায় জমা দিয়ে জমা রশিদ সংগ্রহ করিতে হইবে।

অনলাইনে আবেদনের জন্য আবেদনকারীর ছবি ও স্বাক্ষর (সর্বোচ্চ 300kb, JPG), এবং ব্যাংক জমা রশিদের স্ক্যান কপি (সর্বোচ্চ 400kb, JPG), প্রয়োজন হইবে। অনলাইনে আবেদনের বিস্তারিত নির্দেশনা ওয়েবসাইটে দেখে যথাযথ ভাবে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে।

সময়সীমাঃ

অনলাইন আবেদন শুরুঃ ১৭/০৪/২০২১ ইং, আবেদনের শেষ সময়ঃ ১৭/০৫/২০২১ ইং (রাত ১২টা) পর্যন্ত।

প্রবেশপত্র সংগ্রহঃ ২৯/০৫/২০২১ ইং হইতে ০৩/০৬/২০২১ ইং (রাত ১২টা) পর্যন্ত।

ভর্তি পরীক্ষাঃ ০৪/০৬/২০২১ ইং (শুক্রবার) সকাল ১০ ঘটিকায়। সময়কাল ১ ঘণ্টা।

স্থানঃ বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমী (সাবেক আগারগাঁও তালতলা সরকারী কলেজী স্কুল এন্ড মহিলা কলেজ)

প্রবেশপত্র সংগ্রহের নিয়মাবলীঃ

ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ২৯/০৫/২০২১ ইং হইতে ০৩/০৬/২০২১ ইং (রাত ১২টা) পর্যন্ত <http://nitorbd.bigsoft.com> হইতে ডাউনলোড করা যাইবে।

ডাউনলোড করা প্রবেশপত্র রশিদ প্রিন্ট কপি সহ ভর্তি পরীক্ষার দিন উপস্থিত হইতে হইবে।

ভর্তি পরীক্ষার নিয়মাবলীঃ

পদার্থ বিজ্ঞান-৩০ নম্বর, রসায়ন- ৩০ নম্বর ও জীববিজ্ঞান-৩০ নম্বর এবং ইংরেজি ও সাধারণ জ্ঞান -১০ নম্বর সর্বমোট ১০০(একশত) নম্বরের ভিত্তিতে এম সি কিউ পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হইবে। প্রত্যেক সঠিক উত্তরের জন্য ০১(এক) নম্বর এবং ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হইবে। প্রার্থীদের এসএসসি তে প্রাপ্ত গ্রেডিংয়ের সাথে ৮ এবং এইচএসসিতে প্রাপ্ত গ্রেডিংয়ের সাথে ১২ গুন করিয়া ও ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরসহ মেধাতালিকা প্রস্তুত করা হইবে। প্রাপ্ত নম্বর সমান হইলে এইচ এস সি পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞান এ প্রাপ্ত মোট পয়েন্টের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হইবে।

ভর্তির নিয়মাবলীঃ

ভর্তির সময় প্রত্যেক প্রার্থীকে এস এস সি ও এইচ এস সি অথবা সমমানের পরীক্ষার মূল সনদ পত্র, নম্বর পত্র এবং শারিরিক সুস্থতার সনদ(মেডিকেল ফিটনেস) অত্র প্রতিষ্ঠানে জমা দিতে হইবে। অত্র প্রতিষ্ঠানে কোন আবাসিক ব্যবস্থা বিদ্যমান নাই, ছাত্র/ছাত্রীদের নিজেদের ব্যক্তিগত ব্যবস্থাপনায় থাক/খাওয়ার ব্যবস্থা এবং কোর্স সমাপ্তে ০১(এক) বছর ইন্টার্নশীপ প্রশীক্ষণ গ্রহন করিতে হইবে। ভর্তি সংক্রান্ত কোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গনা হইবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতাদি/টিএ,ডিএ প্রদান করা হইবে না।

প্রয়োজনে যোগাযোগঃ ০১৭১১-৩৪৫৮৬৯ ইমেইলঃ nitor.nazrul@gmail.com

(অধ্যাপক ডাঃ মোনায়েম হোসেন)

একাডেমিক পরিচালক

জাতীয় অর্ধোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান,

শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭

(অধ্যাপক ডাঃ মোঃ আব্দুল গনি মোল্লাহ)
পরিচালক ও অধ্যাপক
জাতীয় অর্ধোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

নং-জাঃ অর্ধোঃ হাস/(পিটি ডিগ্রী কোর্স)৯৩-১৩৩/৬৭৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দুঃ আঃ সিনিয়র সচিব, চিকিৎসা ও শিক্ষা শাখা)

২। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দুঃ আঃ পরিচালক, চিকিৎসা, শিক্ষা ও জনশক্তি উন্নয়ন শাখা)

৩। বার্তা সম্পাদক, দৈনিক প্রথম আলো/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক জনকণ্ঠ, ঢাকা কে উক্ত বিজ্ঞপ্তি টি একদিন প্রকাশ পূর্বক বিজ্ঞপ্তির সৌজন্য কপি হিসেবে ০১(এক) কপি পত্রিকাসহ নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে বিল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

তারিখ: ৪/০৪/২০২১ ইং

(অধ্যাপক ডাঃ মোঃ আব্দুল গনি মোল্লাহ)

পরিচালক ও অধ্যাপক
জাতীয় অর্ধোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭